কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(বীজ বিতরণ বিভাগ)



বৈশাখ ১৪২৭

স্মারক নং- ১২.০৬.০০০০.২৭৫.৯৯.০২৫.২১/২৪৩৮ তারিখ ২১ মে ২০২১

উপপরিচালক (বীবি)
বিএডিসি, ------ (সকল)

**বিষয়:** <u>২০২১-২২ বিতরণ বর্ষের জন্য সরকার কর্তৃক আমন ধানবীজে কেজি প্রতি ১২ টাকা বীজ সহায়তা প্রদানের ফলে পুন:নির্ধারিত দরে আমন ধানবীজের বিক্রয় সংক্রান্ত শর্তাবলি ও নির্দেশনা।</u>

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২০.১৬০ তারিখ ১৮ মে ২০২১

১। আমন ধানবীজে বীজ সহায়তা ঘোষণার পূর্বেই বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) আমন ধানের জাতভিত্তিক বিক্রয়দর ঘোষণা করবে এবং উপজেলাওয়ারি বরাদ্দ বিভাজন করবে।

২। উপজেলাওয়ারি বরাদ্দ মোতাবেক বীজ ডিলারগণ নিদিষ্ট সময়ের মধ্যে বিএডিসির থেকে সহায়তাদরে বীজ উত্তোলন করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির নিকট বীজের জাত ও পরিমাণ উল্লেখ করে ২৪ ঘন্টার মধ্যে অ্যারাইভাল রিপোর্ট প্রদান করবে।

৩। বিএডিসির জেলা ও উপজেলা বীজ বিক্রয় কেন্দ্র হতেও বীজ সহায়তা কার্যক্রমের আওতায় নিদিষ্ট পরিমাণ বীজ পুন:নির্ধারিত দরে বিক্রয় করা যাবে।

৪। উপজেলা কৃষি অফিসার সংশ্লিষ্ট উপজেলা কৃষকদের একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদন নিয়ে সংশ্লিষ্ট বীজ ডিলার, বিএডিসি কর্তৃপক্ষ এবং উপপরিচালক কৃষি সম্প্রসারণের কার্যালয়ে প্রেরণ করবেন।

৫। ডিলারগণ ক্যাশ মেমোর মাধ্যমে বীজ বিক্রয় করবেন।

৬। ডিলারগণ বীজ সহায়তা প্রদানের ফলে পুন:নির্ধারিত দরে উফশী আমন ধানের বীজ ক্রয়কারী কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও এনআইডি (যদি থাকে) বীজ বিক্রয় রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন/ মাস্টার রোল সংরক্ষণ করবেন (মাস্টার রোলের ছক সংযুক্ত)।

৭। জমির মালিকানা (বর্গা/লীজসহ) বিবেচনাপূর্বক কৃষকের নিকট বীজ বিক্রয় করতে হবে। এক্ষেত্রে একজন কৃষকের নিকট সর্বোচ্চ ১০০ কেজি বীজ বিক্রয় করা যাবে। তবে তালিকাভূক্ত কৃষকদের নিকট বীজ বিক্রয়ের পর অবশিষ্ট থাকলে তা তালিকা বহির্ভূত প্রকৃত কৃষকদের নিকট বিক্রয় করা যাবে।

৮। বিএডিসির বীজ ডিলারের বিক্রয়কেন্দ্র সংশ্লিষ্ট উপজেলা সার ও বীজ মনিটরিং কামিটির সদস্যগণ এবং বিএডিসি কর্তৃপক্ষ তদারকি করবেন।

৯। বিএডিসির বীজ ডিলারগণ বীজ সহায়তা প্রদানেরফলে পুন:নির্ধারিত দরে আমন ধানের বীজ ক্রয়কারী কৃষকদের তালিকা সংরক্ষণ করবেন এবং চুড়ান্ত একটি তালিকা উপজেলা কৃষি অফিসার এবং সংশ্লিষ্ট বিএডিসি'র কর্তৃপক্ষ বরাবর জমা প্রদান করবেন।

১০। বিএডিসি'র জেলা কার্যালয় হতে প্রতি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী মাসের বীজ বিক্রয় অগ্রগতি প্রতিবেদন বিএডিসি প্রধান কার্যালয়, উপজেলা কৃষি অফিস এবং উপপরিচালক কৃষি সম্প্রসারণের কার্যালয়ে প্রেরণ করবেন

১১। জুন/২০২১ সালের মধ্যে বীজ সহায়তা প্রদানের জন্য পুন:নির্ধারিত দরে আমন ধানবীজ বিক্রয় কার্যক্রম নিশ্চিত করতে হবে।

১২। বীজ সহায়তা প্রদান কার্যক্রমে কোন অনিয়ম পরিলক্ষিত হলে জেলা/উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩। প্রতিটি ডিলারের দোকানে এবং বিএডিসির বীজ গুদামে আমন ধানবীজে সরকার কর্তৃক বীজ সহায়তা প্রদানের ফলে পুন:নির্ধারিত দর লাল শালু বা পিভিসি সিটে লিখে ঝুলিয়ে রাখতে হবে।

১৪। চেয়ারম্যান, বিএডিসি বীজ সহায়তা প্রদানের ফলে পুন:নির্ধারিত দরে বিক্রিত বীজের চুড়ান্ত প্রতিবেদন ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে, কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

১৫। বীজ সহায়তা অর্থ সরকার কর্তৃক বিএডিসি'র অনুকূলে ছাড় করা হবে। তবে বীজের কোন অংশ অবশিষ্ট/অবিক্রীত থাকলে অবশিষ্ট/অবিক্রীত বীজের মূল্যের মধ্যে সরকার কর্তৃক সহায়তা প্রদানকৃত অর্থের অতিরিক্ত টাকা বিএডিসি কর্তৃপক্ষ সরকারি কোষাগারে ৩০ জুন ২০২১ এর মধ্যে ফেরত প্রদান করে কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

১৬। ছাড়কৃত অর্থব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে এবং

(প.পৃ)

১৭। অগ্রীম উত্তোলিত সমূদয় অর্থ কার্যক্রম শেষে ২ মাসের মধ্যে অথবা ৩০ জুন ২০২১ এর মধ্যে সমন্বয় করতে হবে এবং সমন্বয় প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগকে আবশ্যিক ভাবে ৩০ জুন ২০২১ এর মধ্যে প্রেরণ করতে হবে।

সংযুক্তি: সূত্রিয় স্মারক পত্র, বীজ সহায়তা দরে বিক্রয়দর এবং মাস্টার রোলের ছক

( মো: ইব্রাহিম হোসেন)
মহাব্যবস্থাপক (বীজ), প্রতিকল্প
বিএডিসি, ঢাকা

স্মারক নং ঃ- ১২.০৬.০০০০.২৭৫.৯৯.০২৫.২১/২৪৯৮ (১৫০)

তারিখ ঃ২৭মে ২০২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরিত হলো:

১। মহাব্যবস্থাপক (বীজ/এএসসি/পাটবীজ/উদ্যান), বিএডিসি, ঢাকা।
২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/কঃগ্রোঃ/সিডিপি ক্রপস), বিএডিসি, ঢাকা।
৩। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রস), বিএডিসি, ঢাকা। চাষির নিকট বিক্রিত বীজের বস্তা/প্যাকেটে পুন:নির্ধারিত দর প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
৪। কর্মসূচি /প্রকল্প পরিচালক (বীআমক/বীউ), বিএডিসি, ঢাকা।
৫। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/যশোহর/বরিশাল।
৬। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৭। প্রগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা। নীতিমালা সংস্থার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আরিফ হোসেন খান)
অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ)
বিএডিসি, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। জেলা প্রশাসক, ....................... (সকল)
২। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
৩। পরিচালক, সরেজমিন উইং, খামারবাড়ি, ঢাকা
৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..................... (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৩। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের ব্যক্তিগত সহকারী, খামারবাড়ি, ঢাকা।
৫। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।